■ **পুলিশি অভিযান** ডাকাতির ছক বানচাল। ৬ দুষ্কৃতী গ্রেপ্তার আলিপুরদুয়ারে। উদ্ধার ধারালো অস্ত্র, লঙ্কাগুঁড়ো

মুর্শিদাবাদে মৃত্যুর ৪১ দিন পরে শিশুকন্যার দেহ কবর থেকে ময়না-তদন্তের জন্য তোলা হলো

■ **পড়ুয়ার দেহ** হস্টেলের ঘর থেকে উদ্ধার হলো হলদিয়ার এক ইঞ্জিনিয়ারিং ছাত্রের ঝুলন্ত দেহ

প্রাতিষ্ঠানিক স্বায়ত্তশাসনের দাবিতে অবস্থান কর্মসূচি কল্যাণী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির

প্যাচওয়ার্কের পরেও বেহাল রাস্তা

এই সময়: গত কয়েক দিনের লাগাতার বৃষ্টিতে কলকাতার রাস্তার হাল আরও বেহাল হয়ে উঠছে। এদিকে পুজোর আগে ১০ অক্টোবরের মধ্যে কলকাতার সমস্ত রাস্তা সারাইয়ের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেই মতো প্যাচওয়ার্কের কাজ শুরু হয়েছিল। কিন্তু বৃষ্টিতে মেরামত করা রাস্তায় ফের গর্ত দেখা যাচ্ছে। যা নিয়ে চিন্তায় পুরসভার সড়ক বিভাগের আধিকারিকরা।

কলকাতা পুলিশের ট্র্যাফিক বিভাগ শহরের খারাপ রাস্তার একটি তালিকা পুরসভাকে দিয়েছিল। সেই তালিকা ধরে রাস্তায় তাপ্পি দেওয়ার কাজও শুরু করেছিল কলকাতা পুরসভা। পুজোর

চিন্তা টানা বৃষ্টি

আগে শহরের ৭৬টি রাস্তায় মেরামতির সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সেপ্টেম্বর মাসের গোড়ায় পুর কমিশনার স্মিতা পান্ডে জানিয়েছিলেন, ৩১টি রাস্তা সারাইয়ের কাজ সেরে ফেলা হয়েছে। তখনও পর্যন্ত মেরামতি বাকি ছিল ৪৫টি রাস্তার।

পুরসভার সড়ক বিভাগ সূত্রে জানা গিয়েছে, যে সব রাস্তায় প্যাচওয়ার্ক হয়েছিল, গত কয়েক দিনের বৃষ্টিতে সেই সব রাস্তার অনেক জায়গাতেই পিচ উঠে ইটের আস্তরণ বেরিয়ে এসেছে। অনেক জায়গায় নতুন করে গর্ত তৈরি হয়েছে। নতুন করে খারাপ হওয়া রাস্তার তালিকায় বালিগঞ্জ, টালিগঞ্জ, যাদবপুর, বেহালার নাম জুড়েছে। এ ছাড়া কলেজ স্ট্রিট, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, রাজা দীনেন্দ্র স্ট্রিট, বিডন স্ট্রিট, বিধান সরণির বেশ কিছু অংশের রাস্তার হাল খুবই খারাপ। এর জেরে যেমন যানজট বাড়ছে, তেমনই বড়সড় দুর্ঘটনার আশঙ্কাও থেকে যাচ্ছে।

ডালহৌসির ব্যস্ত রাস্তা

খিদিরপুর ফ্লাইওভার

পুরসভার সড়ক বিভাগের আধিকারিকদের আশঙ্কা, এই আবহাওয়ায় যদি প্যাচওয়ার্কের কাজ হয়ও, তা হলে ফের একই পরিস্থিতি হতে পারে। কলকাতা থেকে পাকাপাকি ভাবে বর্ষার বিদায় নিতে নিতে অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ হয়ে যাবে। তা হলে ১০ অক্টোবরের মধ্য কলকাতার সমস্ত রাস্তা সারাইয়ের কাজ শেষ হবে কী

তালতলা এসএনবি রোড

এনএসসি বোস রোড

ভাবে? রীতিমতো উদ্বেগে রয়েছেন সড়ক বিভাগের আধিকারিকরা। এ ভাবে কাজ করলে একটি রাস্তা সারাইয়ে খরচের পরিমাণও বেড়ে যায় বলে জানিয়েছেন তাঁরা। তবে পুরসভার সড়ক বিভাগের এক শীর্ষ আধিকারিক জানান, বৃষ্টি না থামলেও এর মধ্যেই কাজে হাত দিতে হবে। কিন্তু বৃষ্টির গতি-প্রকৃতি বুঝতে আরও দিন তিনেক অপেক্ষা করতে হবে। তারপরে শুরু হবে প্যাচওয়ার্কের কাজ। পুজোর মরশুমে রাস্তায় নজর থাকবে। যেখানে পিচ উঠে যাবে, সেখানে লোক পাঠিয়ে রাস্তা সারাই করা হবে।

ফেসবুক লাইভ করে আত্মহত্যার চেষ্টা যুবকের

এই সময়, উত্তরপাড়া: ফেসবুক লাইভ করে স্কুলের ভিতরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার চেষ্টা করেছিলেন এক যুবক। সেই দৃশ্য দেখে স্থানীয়রা ছুটে গিয়ে তাঁকে প্রাণে বাঁচালেন। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে, হুগলির উত্তরপাড়া ভদ্রকালী হাইস্কুলে।।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বছর তিরিশের ওই যুবক স্কুলেরই এক কেয়ারটেকারের ছেলে। বাবা অসুস্থ হওয়ায় তিনি রাতে স্কুলে পাহারা দিতে এসেছিলেন। স্কুলেরই একটি ঘরে সিলিং ফ্যানে দড়ি বেঁধে গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হওয়ার

উত্তরপাড়া

চেষ্টা করেন তিনি। সেই দৃশ্য যাতে সবাই দেখতে পান, তার জন্য ফেসবুক লাইভও করছিলেন তিনি। সেটা দেখেই আশপাশের লোকজন ছুটে আসেন। তাঁরাই প্রথমে যুবকটিকে উদ্ধার করেন। পরে খবর দেওয়া হয় পুলিশে।

খবর পেয়ে উত্তরপাড়া থানার পুলিশ গিয়ে যুবককে উদ্ধার করে উত্তরপাড়া হাসপাতালে নিয়ে যায়। সেখানেই তাঁর চিকিৎসা চলছে। কাউন্সেলিংও করা হচ্ছে। প্রাথমিক ভাবে পুলিশ জানতে পেরেছে, ওই যুবক বিভিন্ন ধরনের নেশা করতেন। তবে ঠিক কী কারণে তিনি আত্মহত্যার চেষ্টা করেছিলেন, সেটা এখনও স্পষ্ট নয়।

শিক্ষকদের নিয়োগ পরীক্ষার খাতা দেখায় অনীহায় উদ্বেগ পিএসসি-র

স্নেহাশিস নিয়োগী

নতুন সরকার আসার পরেই রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে দেড় লক্ষ কর্মসংস্থানের ঘোষণা করেছে। এই সময়ে প্রতিযোগিতামূলক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন নিয়ে শিক্ষকদের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করল পাবলিক সার্ভিস কমিশন। রাজ্যের অতিরিক্ত মুখ্যসচিব তথা স্কুলশিক্ষার প্রধান সচিবকে চিঠি দিয়ে উত্তরপত্র মূল্যায়নে সহযোগিতা করার অনুরোধ করেছেন পিএসসি-র সচিব। সেই চিঠির পরিপ্রেক্ষিতে ২৩ জেলা বিদ্যালয় পরিদর্শককে (মাধ্যমিক-ডিআই) যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন স্কুলশিক্ষা অধিকরণ বিভাগের প্রশাসনিক অফিসার। প্রতিযোগিতামূলক পরীক্ষার খাতা দেখা নিয়ে ঠিক কী অভিযোগ স্কুলের শিক্ষকদের বিরুদ্ধে?

শুধু পড়া নয়, শুনুন 'এই সময়'। খবরটি শুনতে কিউআর কোড স্ক্যান করুন।

শংসাপত্র দিলেও প্রধান শিক্ষকরা তা মঞ্জুর করছেন না। এতে ঠিক সময়ে পরীক্ষার মূল্যায়ন করা যাচ্ছে না। সূত্রের খবর, পিএসসি সারা বছরে মিসলেনিয়াস, ক্লার্কশিপ-সহ ১২৩টি নিয়োগের পরীক্ষা নেয়। এগুলির মেইনস পরীক্ষায় চাকরিপ্রার্থীদের বাংলা ও ইংরেজিতে সংবাদমাধ্যমের প্রতিবেদন, অনুবাদ এবং প্যারাগ্রাফ লিখতে হয়। পিএসসি পরিচালিত এই সব পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে পরীক্ষক হিসেবে বিদ্যালয়ে কর্মরত অভিজ্ঞ বিষয়ভিত্তিক শিক্ষকদের নিযুক্ত করে কমিশন। পিএসসি চিঠিতে স্কুলশিক্ষা দপ্তরের কাছে আর্জি জানিয়েছে, যাতে তারা পরীক্ষক হিসেবে মনোনীত শিক্ষকদের মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ সহজতর করে। স্কুলশিক্ষা দপ্তর এ ব্যাপারে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিতে স্কুলশিক্ষা অধিকরণ বিভাগের কাছে পাঠায়। তারাও দেরি না করে বৃহস্পতিবারই ডিআইদের কাছে উত্তরপত্র মূল্যায়নে যথাযথ ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে।

চিঠি স্কুলশিক্ষা সচিবকে

চিঠিতে লেখা হয়েছে, কমিশন সম্প্রতি প্রতিযোগিতামূলক নানা পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে বারবার অসুবিধার সম্মুখীন হচ্ছে। বেশ কিছু ক্ষেত্রে, কমিশন মনোনীত পরীক্ষকরা এই দায়িত্ব নিতেই অস্বীকার করছেন, অথবা কোনও কারণ ছাড়াই নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র মূল্যায়ন করতে পারছেন না। কমিশনের নজরে এটাও এসেছে যে, কিছু ক্ষেত্রে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনে থাকা স্কুলগুলির প্রধান শিক্ষকরাও সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক শিক্ষক-শিক্ষিকাদের কমিশনের দেওয়া মূল্যায়নের দায়িত্ব পালনের অনুমতিও দিচ্ছেন না। অনেক ক্ষেত্রে কমিশন মূল্যায়ন সামগ্রী নেওয়া ও জমা দেওয়ার দিনে সংশ্লিষ্ট শিক্ষক-শিক্ষিকার অন ডিউটি ছুটি সংক্রান্ত

পশ্চিমবঙ্গ নৃত্য আকাদেমি
আয়োজিত
তিনদিন ব্যাপী
গৌড়ীয় নৃত্যের কর্মশালা
২৬-২৮ সেপ্টেম্বর ২০২৬ | আকাদেমি ভবন
উদ্বোধক
শ্রীমতী পূর্ণিমা চক্রবর্তী
মাননীয়া রাষ্ট্রমন্ত্রী
তথ্য ও সংস্কৃতি বিভাগ এবং পর্যটন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
তথ্য ও সংস্কৃতি বিভাগ | পশ্চিমবঙ্গ সরকার
ICA-N 261(3)/2026

আইসিটি-টিচারদের একাংশ চাকরি হারানোর আশঙ্কায়

এই সময়: স্কুলে কম্পিউটার শিক্ষকদের (আইসিটি) একাংশকে ২০২২ নাগাদ চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হয়েছিল। ষষ্ঠ দফায় নিযুক্তদের চুক্তি রিনিউ করার বদলে কাজের মেয়াদ শেষের চিঠি পাঠানো হয়েছে। বিভিন্ন স্কুলে প্রায় ১,৪০০ কম্পিউটার শিক্ষক রয়েছেন। পাঁচ বছরের চুক্তিতে একাধিক বেসরকারি সংস্থার মাধ্যমে রাজ্যের তিন হাজারের বেশি কম্পিউটার শিক্ষক নিয়োগ হয়েছিল ২০২২-এর আগে ও পরে। সেই অনুযায়ী, কারও চাকরির মেয়াদ শেষ হচ্ছে চলতি বছরে, কারও আবার ২০২৭-এর শুরুতে। ওই বেসরকারি সংস্থার তরফে সম্প্রতি আইসিটি শিক্ষকদের চিঠিতে জানানো হয়েছে, ৩০ সেপ্টেম্বর চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। ৯ অক্টোবরের মধ্যে যাবতীয় নথি সংস্থার কাছে জমা দিতে হবে। শিক্ষকদের দাবি, ২০২২-এর আগে-পরে বেসরকারি সংস্থার মাধ্যমে ষষ্ঠ ও সপ্তম পর্যায়ে শিক্ষক নিয়োগ হয়েছিল।

শিক্ষকদের অভিযোগ, গত কয়েক মাসে তাঁদের বেতনও প্রায় হাজার টাকা কমিয়েছে সংস্থাগুলি। এ বার বরখাস্তের চিঠি পাঠানো হয়েছে। জলপাইগুড়ির এক স্কুলে চুক্তির ভিত্তিতে শিক্ষকতা করেন জয়িতা মণ্ডল রায়। তাঁর দাবি, 'স্কুল শিক্ষামন্ত্রী দীপক বর্মনের সঙ্গে দেখা করে ২০ জুন আমাদের কথা জানিয়েছিলাম। মন্ত্রীর আশ্বাসও মিলেছিল। দ্রুত এ বিষয়ে সরকারের হস্তক্ষেপ দাবি করেছি।' অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার্স অ্যান্ড হেডমিস্ট্রেসেস-এর সাধারণ সম্পাদক চন্দন মাইতি জানান, মুখ্যমন্ত্রীকে ই-মেল করে তাঁর হস্তক্ষেপের আবেদন করেছি। কাজ হারানো শিক্ষকেরা আইসিটি ঐক্যমঞ্চ তৈরি করেছেন। সোমবার বিকাশ ভবন অভিযান করবেন তাঁরা।

নজর জলপথে

এই সময়: যানজট মোকাবিলায় রাজ্য সরকার এ বার জলপথকে বাড়তি গুরুত্ব দিতে চায়। পরিবহণমন্ত্রী অর্জুন সিংয়ের কথায়, কলকাতাকে গতিশীল করতে এ ধরনের প্রকল্প নেওয়া ছাড়া উপায় নেই। এ জন্য মেটিয়াবুরুজ থেকে ডানলপের কাছাকাছি পর্যন্ত গঙ্গাবক্ষ চিহ্নিত করা হয়েছে। এই রিপোর্ট পরিবহণ দপ্তর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে পেশ করবে। মন্ত্রীর কথায়, 'যে হারে জনবসতির চাপ বাড়ছে তাতে ট্র্যাফিক নিয়ন্ত্রণ করতে মেট্রো যথেষ্ট নয়। শহরের রাস্তার পরিমাণ কম। এ ক্ষেত্রে জলপথকেই হাতিয়ার করে যানজট নিয়ন্ত্রণে রাখতে হবে। তাই কলকাতার ইন্টিগ্রেটেড ট্রান্সপোর্ট সিস্টেমের মধ্যে জলপথ পরিবহণকে যুক্ত করতে হবে।'

GOVERNMENT OF WEST BENGAL
District Health & Family Welfare Samity, Paschim Medinipur
Tender Notice
DH&FWS/2026/5908 Dt. 23.09.2026
E-tenders are invited by Member Secretary, DH&FWS & CMOH, Paschim Medinipur on behalf of Government of West Bengal related to "Hiring of Office Vehicle for DPMU - 2nd Call. (Tender ID-2026_DHFWS_5074611_1)" from bonafide bidders/agencies/suppliers. Last date of Submission of Tender Documents: 06.10.2026 UPTO 5.00 P.M. Details will be available in the website of www.tenders.wb.gov.in under the Organisation District Health & Family Welfare Samity, Paschim Medinipur, www.wbhealth.gov.in/tender & office Notice board. Sd/- Chief Medical Officer of Health, Paschim Medinipurs
ICA- T18230(2)/20262026

WEST BENGAL
ESSENTIAL COMMODITIES SUPPLY CORPORATION LTD.
(A GOVT. OF WEST BENGAL UNDERTAKING)
11-A, Mirza Ghalib Street, Kolkata-700 087
NIT No. ECSC/FP/2026/546 (Suji/Semolina) Date : 25.09.2026
Tender ID: 2026_WBEC_1043116_1
E-TENDER NOTICE
E-tender is invited from eligible bidders to supply **Suji/Semolina** under PDS as Puja Festival Package, 2026
Prospective bidders may download the e-tender documents along with detailed terms and conditions on and from 25.09.2026 at 06:55 p.m. from the website **www.wbecscegovernance.com** and **www.wbtenders.gov.in**
Bid Closing date: **03.10.2026, 12:00 Noon**
Date of Pre Bid meeting: **28.09.2026 at 03.00 PM**
Sd/-
Managing Director
WBECSC Ltd.

TENDER NOTICE
WBCADC is inviting Item rate e-tender for Supply of Different Inputs for Establishment of 70nos. Marigold Production Unit at different Projects of WBCADC, [NIT No.- 10/2026-27, Tender Id.-2026_PRD_5075507_1]. For details, visit the website stated below-
Website- www.tenders.wb.gov.in
Sd/-
ADMINISTRATIVE SECRETARY
WBCADC

একা অভীক নন, স্বাস্থ্যকর্তাদের বিরুদ্ধেও পদক্ষেপের সুপারিশ

এই সময়: সার্ভিস কোটায় অভীক দে-র পিজি হাসপাতালে জেনারেল সার্জারির স্নাতকোত্তর কোর্সে ভর্তি নিয়ে দ্বিতীয় দফার তদন্তে এ বার অভীকের সঙ্গেই কাঠগড়ায় স্বাস্থ্য দপ্তরের একাধিক আধিকারিক। শুধু অভীকের সার্ভিস কোটা বাতিল নয়, তাঁকে ওই সুবিধা পাইয়ে দিতে সাহায্য করা কর্তাদের বিরুদ্ধেও শৃঙ্খলাভঙ্গের পদক্ষেপের সুপারিশ করেছে তদন্ত কমিটি। আরজি কর আন্দোলনের সময় থেকেই অভীক থ্রেট কালচার চালানোর জন্য অভিযুক্ত। সে সময়ে গঠিত তদন্ত কমিটিও রায় দিয়েছিল অভীকের বিরুদ্ধেই।

রাজ্যে পালাবদলের পরে গঠিত চার সদস্যের তদন্ত কমিটি গত ২ সেপ্টেম্বর রিপোর্ট জমা দেয়। কমিটির নেতৃত্বে ছিলেন সাগর দত্ত মেডিক্যাল কলেজের অধ্যক্ষ পার্থপ্রতিম প্রধান। সদস্য ছিলেন আরজি করের অধ্যক্ষ মানস বন্দ্যোপাধ্যায়, এসএসকেএমের ফরেন্সিক মেডিসিন বিশেষজ্ঞ সোমনাথ দাস এবং বর্ধমান মেডিক্যাল কলেজের কমিউনিটি মেডিসিন বিশেষজ্ঞ কৌশিক মিত্র।

অভিযোগ ছিল, গ্রামীণ ও দুর্গম এলাকায় তিন বছর কাজের শর্ত পূরণ না করেই অভীক সার্ভিস কোটার সুবিধা নিয়েছিলেন। বর্ধমান মেডিক্যালের অধীন অনাময় হাসপাতালে কাজ করেছেন বলে দেখানো হলেও তদন্তে তাঁর যোগদানের নথি মেলেনি। হাসপাতালের সুপার, রেডিয়ো-ডায়াগনোসিস বিভাগের মেডিক্যাল টেকনোলজিস্ট এবং চুক্তিভিত্তিক স্বাস্থ্যকর্মীরাও তাঁকে সেখানে কাজ করতে দেখেননি বলে জানিয়েছেন।

এর পরেও স্বাস্থ্যভবনে অভীকের কাজের প্রমাণ হিসেবে একটি ফাইল তৈরি হয়েছিল। তদন্তে আরও উঠে এসেছে, সার্ভিস কোটার জন্য প্রয়োজনীয় 'ট্রেনি রিজার্ভ অর্ডার'-এ ভিজিল্যান্সের অনুমোদনও ছিল না। বদলির নির্দেশ জারির আগেই তিনি অনাময়ে কাজ শুরু করেছিলেন বলেও দাবি করেছিলেন। তদন্ত কমিটির মতে, স্বাস্থ্যকর্তাদের প্রত্যক্ষ মদত ছাড়া এই সুবিধা পাওয়া সম্ভব ছিল না। তাই তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার সুপারিশ করা হয়েছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন, রিপোর্টের ফাইল এখনও তাঁর কাছে পৌঁছয়নি। রিপোর্ট দেখেই পরবর্তী পদক্ষেপের কথা জানাবেন তিনি।

গার্ডেনরিচের তিন নাবালিকা উদ্ধার

এই সময়, খড়্গপুর: গার্ডেনরিচ থেকে নিখোঁজ তিন নাবালিকা উদ্ধার হলো খড়্গপুরে। শুক্রবার খড়্গপুর স্টেশনের ৩ নম্বর প্ল্যাটফর্ম থেকে তাদের উদ্ধার করে রেলপুলিশ। তারা মুম্বইগামী ট্রেনের জন্য অপেক্ষা করছিল। খড়্গপুরের রেলওয়ে পুলিশ সুপার জয়ন্ত মুখোপাধ্যায় জানান, শুক্রবার সকালে গার্ডেনরিচ থানা থেকে একটি বার্তা আসে, গার্ডেনরিচের বাত্তিকল এলাকার অষ্টম শ্রেণির তিন ছাত্রী নিখোঁজ হয়েছে। ট্রেনে চড়ে তারা কোথাও পালাতে পারে। সেটা জানার পরেই খড়্গপুর স্টেশনজুড়ে তল্লাশি শুরু করে রেল পুলিশ। সেই সময়ে ১৩-১৪ বছরের তিন নাবালিকাকে দাঁড়িয়ে থাকতে দেখে ছবি মিলিয়ে দেখা হয়। তাদের আটক করে খবর দেওয়া হয় গার্ডেনরিচ থানায়। রেল পুলিশ জানিয়েছে, নিয়ম মেনে তিন নাবালিকাকে গার্ডেনরিচ থানার হাতে তুলে দেওয়া হবে।

পূর্ব রেলওয়ে
জিইএম বিড নম্বরঃ জিইএম/২০২৬/বি/৮০৬৪৪৫২, তারিখঃ ২১.০৯.২০২৬। চিফ ওয়ার্কস্ ম্যানেজার, পূর্ব রেলওয়ে ওয়ার্কশপ, কাঁচরাপাড়া, ক্যারেজ/লোকো কমপ্লেক্স, উত্তর ২৪ পরগণা, ডাকঘর- কাঁচড়াপাড়া, পিন- ৭৪৩১৪৫, পশ্চিমবঙ্গ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেনঃ **কাজের নামঃ** জিইএম-এর মাধ্যমে ওপেন টেন্ডারের মাধ্যমে পূর্ব রেলওয়ে ওয়ার্কশপ, কাঁচরাপাড়ায় ৮-হুইলার টাওয়ার কার নং. ৩৪৮৬/বিডিসি, মেক-মেসার্স এসএএন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লোকোমোটিভ কো. লিমিটেড-এর ফাইনাল অ্যাক্সল ড্রাইভ গিয়ার বক্সের এককালীন মেরামতি। **টেন্ডার মূল্যঃ** ২০,২৯,৬০০ টাকা ১৮% জিএসটি সহ। **বায়না মূল্যঃ** ৪০,৫৯০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্যঃ** ০.০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ০৫.১০.২০২৬ তারিখ সন্ধ্যা ৬টা। **টেন্ডার নথিপত্র ও সম্পূর্ণ বিবরণ www.gem.gov.in** ওয়েবসাইটে পাওয়া যাবে। MISC-204/2026-27
পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে
সংশোধনী
চিফ মেটিরিয়ালস্ ম্যানেজার/বিআই কর্তৃক পূর্বে প্রকাশিত **২০২৬ সালের সেপ্টেম্বর এবং অক্টোবর মাসের জন্য** পূর্ব রেলওয়ের জামালপুর ডিপো এবং শিয়ালদহ ডিভিশনের ই-অকশন কর্মসূচীতে নিম্নলিখিত আংশিক সংশোধন করা হয়েছেঃ **(১) জামালপুর ডিপোঃ** বর্তমান তারিখঃ ৩০.০৯.২০২৬, ০৮.১০.২০২৬, ১৫.১০.২০২৬ ও ২৮.১০.২০২৬। **সংশোধিত তারিখঃ ০৩.১০.২০২৬, ০৮.১০.২০২৬, ১৫.১০.২০২৬, ২৬.১০.২০২৬ ও ৩০.১০.২০২৬। (২) শিয়ালদহ ডিভিশনঃ** বর্তমান তারিখঃ ৩০.০৯.২০২৬, ০৮.১০.২০২৬, ১৬.১০.২০২৬ ও ২৯.১০.২০২৬। **সংশোধিত তারিখঃ ০৬.১০.২০২৬, ০৯.১০.২০২৬, ১৬.১০.২০২৬ ও ২৭.১০.২০২৬।** অন্যান্য সকল ডিপো/ডিভিশনের জন্য অকশন কর্মসূচী পূর্ববর্তী বিজ্ঞপ্তি অনুযায়ী হবে।
STORES-37/2026-27
পূর্ব রেলওয়ে ওয়েবসাইটঃ www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in -এও টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

যूको बैंक UCO BANK
ইউকো ব্যাঙ্ক
কলকাতা আঞ্চলিক কার্যালয়
৫, এল.এল.আর সরণি, কলকাতা - ৭০০ ০২০, দূরভাষ: ০৩৩-৪৮০৯০৮৭৮/ ৪৮০৯০৮৭৯, ই-মেল: zocalcutta.rec@ucobank.co.in
স্থাবর সম্পত্তিগুলি বিক্রয়ের জন্য ই-নিলামের প্রকাশ্য বিজ্ঞপ্তি
ই-নিলামের তারিখ: ২৮.১০.২০২৬
ইএমডি ওয়ালেটে ইএমডি (অগ্রিম মূল্য) দেওয়ার শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট সম্পত্তির নিলামের ১ দিন আগে

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকন্সট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪ নম্বর) অনুসারে ইউকো ব্যাঙ্কের কাছে বন্ধক থাকা স্থাবর সম্পত্তির বিক্রয়।
যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক সারফায়েসি অ্যাক্ট ২০০২-এর সেকশন ১৩(২) অনুসারে নীচে উল্লেখ করা স্থাবর সম্পত্তি/গুলির দখল নিয়েছেন, নীচে দেওয়া আমাদের নির্দিষ্ট কিছু শাখার ঋণ অ্যাকাউন্ট থেকে ব্যাঙ্কের বকেয়া আদায়ের জন্য **'যেখানে আছে সেখানে এবং যা কিছু আছে তাই এবং কোনও রকম অবলম্বন ছাড়া'** শর্তে নীচের ছকে উল্লিখিত নির্দিষ্ট সম্পত্তিগুলি বিক্রয় করা হবে। এই বিক্রয় নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে হবে, প্ল্যাটফর্মের ওয়েবসাইটটি হল: **https://www.baanknet.com**।
সম্পত্তিগুলির বিক্রয় বিজ্ঞপ্তির জন্য সংরক্ষিত মূল্য সারফায়েসি অ্যাক্ট অনুযায়ী ঠিক করা হয়েছে।
নিম্নলিখিত সম্পত্তিগুলির সাম্প্রতিক ভ্যালুয়েশন রিপোর্ট (১ বছরের আগেকার নয়) অনুসারে, আমাদের চার্জ এবং শাখার সঙ্গে আলোচনা করে সারফায়েসি পদক্ষেপ অনুসারে বিক্রয়ের ব্যাপারে অগ্রসর হওয়া গেছে, ২৮.১০.২০২৬ তারিখে নিলামে বিক্রয় হওয়ার জন্য সিইসিপি-তে শাখাগুলির বলা অনুসারে সংরক্ষিত মূল্য ঠিক করে হয়েছে।

ক্র. নং	ক) আর্থিক শাখার নাম ও যোগাযোগের ফোন নম্বর খ) অনুমোদিত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর	নিম্নলিখিতদের নাম ও ঠিকানা ক) ঋণগ্রহীতা, খ) জামিনদাতা/ স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা	ক) দাবির বিজ্ঞপ্তির তারিখ, খ) দখলের তারিখ, গ) দাবির বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থরাশির পরিমাণ	স্থাবর সম্পত্তির বিস্তারিত বর্ণনা	ক) সংরক্ষিত অর্থ খ) অগ্রিম জমার মূল্য (ইএমডি) গ) দর বৃদ্ধির পরিমাণ ঘ) ই-নিলামের তারিখ ও সময়	মন্তব্য
১.	ক) বেহালা শাখা খ) চন্দন কুমার শাখা প্রধান মোবাইল: ৯৩০৪৬৯০৪৫৯	ক) শ্রী রম্য ফিশ ট্রেডার্স স্বত্বাধিকারী: মিঃ সমাঙ্গী ভীমেশ্বরা বীরা ভেঙ্কটা সত্যনাগা সুরেশ খ) জামিনদাতা: জ্যোতি সম্যাঙ্গী	ক) ১০.০৩.২০২৬ খ) ০৩.০৭.২০২৬ গ) ৮,৯৮,০৭১.১১ টাকা	সম্পূর্ণ গ্রাউন্ড ফ্লোরে ফ্ল্যাটের সমস্ত অংশের পরিমাপ প্রায় ৮১০ বর্গফুট একই বা সামান্য কম বেশি যার মধ্যে রয়েছে ২টি শোওয়ার ঘর, ১টি রান্নাঘর, ১টি লিভিং তথা ডাইনিং রুম, ১টি শৌচাগার এবং ২টি বারান্দা, যে জমির উপর গঠিত তার পরিমাপ ২ কাঠা এক ছটাক একই সঙ্গে উক্ত দু'তলা আবাসিক ভবনের জমির অবিভক্ত আনুপাতিক ভাগ যার মৌজা- বেহালা, জে.এল. নং ২, আর.এস নং ৮৩, তৌজি নং ৩৪৬, আর.এস খতিয়ান নং ১১৯৮-এর অধীনে, আর.এস দাগ নং ৯৩৬১ এবং ৯৩৬২ যার প্রেমিসেস নং: ২৪১/৩ ফকির পাড়া রোড (ডাক ঠিকানা নং. পি-৩০/১, আর্কেডিয়া এক্সটেনশন), থানা- বেহালা, কলকাতা- ৭০০০৩৪, কেএমসি (সাউথ সুবার্বন ইউনিট) ওয়ার্ড নং ১২৮- এর অধীনে দক্ষিণ ২৪ পরগনার অন্তর্গত। **সীমানা নিম্নরূপ: উত্তরে:** আর.এস দাগ নং ৯৩৬১-এর অংশ, **দক্ষিণে:** আর.এস দাগ নং ৯৩৬১ এবং ৯৩৬২-এর অংশ, **পূর্বে:** অন্যান্যের জমি, **পশ্চিমে:** ১৬ ফুট চওড়া কমন প্যাসেজ।	ক) ২৭,১৩,০০০ টাকা খ) ২,৭১,৩০০ টাকা গ) ২০,০০০ টাকা ঘ) ২৮.১০.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	প্রতীকী
২.	ক) সদানন্দ রোড শাখা শাখা প্রধান অর্পিতা রায় মোবাইল: ৯৮০৪৪১৬৮৪৫	ক) ঋণগ্রহীতা: মেসার্স সিনহা এন্টারপ্রাইজ স্বত্বাধিকারী: স্বপন সিনহা	ক) ২৪.০৭.২০০৬ খ) ১১.০৫.২০১২ গ) ১০,২৫,৩৮০.২১ টাকা	আলোচ্য সম্পত্তিটি হাওড়া জেলার শিবপুরে আন্দুল রোডের দক্ষিণ দিকে, গেসকিন বাজারের নিকটে 'সুইট অ্যাঞ্জেলস' হাই স্কুলের ঠিক পাশেই অবস্থিত। ফ্ল্যাটটি জি+৩ তল আবাসিক ভবন 'অশ্বিনী কুঞ্জ' নামক অ্যাপার্টমেন্টের গ্রাউন্ড ফ্লোরে উত্তর-পূর্ব দিকে রয়েছে, হোল্ডিং নং ১৬২/৬ আন্দুল রোড, থানা-শিবপুর, পরিমাপ প্রায় ৫৬৪.৪৭ বর্গফুট (সুপার বিল্ট-আপ এরিয়া) যার মধ্যে রয়েছে ১টি লিভিং রুম, ১টি লিভিং তথা ডাইনিং তথা রান্নাঘর এবং ১টি শৌচাগার সঙ্গে সিঁড়ির সুবিধা, জেলা- হাওড়া, পিন- ৭১১১০৩, বই-১, সিডি ভলিউম নং ৬০, পৃষ্ঠা ৩৩ থেকে ৪৯-এ রেজিস্ট্রিকৃত, যার নং ২৭০৫, ২০০ সালের জন্য। **সীমানা নিম্নরূপ: উত্তরে:** আন্দুল রোড, **দক্ষিণে:** ১৬১ আন্দুল রোড, **পূর্বে:** ৬০/৩ নম্বর পাড়া লেন, **পশ্চিমে:** ১৬২/৫ আন্দুল রোড।	ক) ১১,৮১,০০০ টাকা খ) ১,১৮,১০০ টাকা গ) ১৫,০০০ টাকা ঘ) ২৮.১০.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	বাস্তবিক
৩.	ক) বালিগঞ্জ সার্কুলার শাখা শাখা প্রধান দীপক কুমার চৌরাসিয়া মোবাইল : ৮০৫১২৮৪৯৮৯	ক) আবেদনকারী: আনোয়ারা হক (প্রয়াত) খ) জামিনদাতা ১. গিয়াসুদ্দিন মল্লিক ২. মোঃ আব্দুল হক	ক) ১৩.১০.২০১৪ খ) ০২.০৬.২০১৬ গ) ২২,১৯,৪৪৪.৮৬ টাকা	১. জমির সমস্ত অংশ যার পরিমাপ ৩ কাঠা ৬ ছটাক এরসাথে রয়েছে ১৬০ বর্গফুটের পাকা নির্মাণ, মৌজা- কোন্নগর, আরএস খতিয়ান নং- ২৩৫, আরএস দাগ নং- ৮১৩৬, তৌজি নং-৩৯৮৯, জেএল নং- ৭, হোল্ডিং নং- ৯২, জিটি রোড (পূর্ব), থানা- উত্তরপাড়া, কোন্নগর পৌরসভার সীমার মধ্যে অবস্থিত, জেলা- হুগলি স্বত্বের দলিল নং- ০৪১৩৬/২০০৫, বই নং- ১, ভলিউম নং- ৩, পৃষ্ঠা ১৫৮০০ থেকে ১৫৮২৪, সাল- ২০০৫)। **সম্পত্তিটি আনোয়ারা হকের নামে নথিভুক্ত।** ২. জমির ১/৪ অংশের সমস্ত অংশ যার পরিমাপ ৪ কাঠা ২৫ বর্গফুট এরসাথে জমির ওপর নির্মিত প্রায় ১৫০ বর্গফুটের আরটি শেড, মৌজা- কোন্নগর, আরএস দাগ নং- ৮১৩৬ আরএস খতিয়ান নং- ২৩৫-এর অন্তর্ভুক্ত, হোল্ডিং নং- ৯২সি, জিটি রোড (পূর্ব), কোন্নগর পৌরসভা, ওয়ার্ড নং- ১১, থানা- উত্তরপাড়া, জেলা- হুগলি {দলিল নং-৫৩৫/২০০৬, বই নং- ১, ভলিউম নং- ১১, পৃষ্ঠা-১৭৪-১৮৪} সম্পত্তিটি আনোয়ারা হকের নামে নথিভুক্ত। **সীমানা: ১. উত্তরে:** জাহানারা খাতুনের বাড়ি, **দক্ষিণে:** আমড়াতলা খাল, **পূর্বে:** সোনা মালির বাড়ি, **পশ্চিমে:** জিটি রোড। **সীমানা: ২. উত্তরে:** মোস্তাক আহমেদের জমি ও বাড়ি, **দক্ষিণে:** আনোয়ারা হকের জমি ও বাড়ি, **পূর্বে:** সিএস দাগ নং- ৮১৩১, **পশ্চিমে:** পৌরসভার নর্দমা ও জিটি রোড।	ক) ৬৭,০৮,০০০ টাকা খ) ৬,৭০,৮০০ টাকা গ) ৫০,০০০ টাকা ঘ) ২৮.১০.২০২৬ সকাল ১১.০০টা থেকে বিকেল ৫.০০টা পর্যন্ত	বাস্তবিক

নিয়ম ও শর্তাবলী:
১. নিলামের বিক্রয় 'অনলাইন ই-নিলামের পোর্টাল'-এর মাধ্যমে সম্পন্ন হবে, পোর্টাল- **https://www.baanknet.com**।
২. উৎসাহী দরদাতা/ক্রেতাদের তাঁদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি দিয়ে পোর্টালে (**https://www.baanknet.com**) রেজিস্টার করতে অনুরোধ করা হচ্ছে। সাথে তাদের কেওয়াইসি নথি আপলোড করতে হবে। একবার ই-নিলামের পরিষেবা দাতা দ্বারা কেওয়াইসি নথি যাচাই হয়ে গেলে (২টি কার্য দিবস লাগতে পারে) দরদাতা/ক্রেতারা অগ্রিম মূল্য (ইএমডি) অনলাইন মাধ্যমে তাঁদের গ্লোবাল ইএমডি ওয়ালেটে পোর্টালে উল্লেখ করা ওই নির্দিষ্ট সম্পত্তির নিলামের দিনের আগে পাঠিয়ে দিতে পারবেন। কেওয়াইসি নথির নথিভুক্তিকরণ এবং যাচাইয়ের এবং অগ্রিম মূল্যের পাঠানোর প্রক্রিয়া নিলামের আগে সম্পূর্ণ হতে হবে।
৩. দরদাতাদের গ্লোবাল ওয়ালেটের উপরে উল্লেখ করা অগ্রিম জমা দেওয়ার মূল্য (ইএমডি) এনইএফটির মাধ্যমে পাঠাতে হবে (**https://www.baanknet.com** ওয়েবসাইট থেকে চালান তৈরি হওয়ার পর)। যে কোনও নির্ধারিত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে এনইএফটি করা যেতে পারে। চেক বা অন্য কোনও উপায়ে ইএমডি জমা গ্রাহ্য হবে না। অনলাইনে ইএমডি জমা না করা দরদাতারা ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন না। জমা করা অগ্রিম মূল্যের উপর কোনও সুদ লাগু হবে না।
৪. ই-নিলামের প্ল্যাটফর্মে (**https://www.baanknet.com**) ই-নিলামের পরিষেবাটি দেবে নিলামের পরিষেবাদাতা। আগ্রহী দরদাতাগণ/ ক্রেতাগণকে ই-নিলাম প্রক্রিয়ার অংশগ্রহণের জন্য ই-নিলাম পরিষেবা প্রদানকারী ওয়েবসাইট **https://www.baanknet.com**-এ যান। এই পরিষেবাদাতাই পোর্টালে ই-নিলামের অনলাইন প্রদর্শন এবং প্রশিক্ষণের ব্যবস্থাও করবেন।
৫. বিক্রির শর্তাবলী-সহ বিক্রির বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইটে/ ওয়েব পেজ পোর্টালে প্রকাশিত হয়েছে/ পাওয়া যাচ্ছে- ক) **https://www.baanknet.com**।
৬. ই-নিলামের আগ্রহী অংশগ্রহণকারীরা বিক্রির বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলী, ই নিলামের কার্যকরী অংশের হেল্প ম্যানুয়ালের বিনামূল্যে অনলাইন কপি ডাউনলোড করতে পারেন ই-অকশন পোর্টাল থেকে (**https://www.baanknet.com**)।
৭. নিলামের সময় দরদাতাদের গ্লোবাল ওয়ালেটে পর্যাপ্ত অর্থ থাকতে হবে। (ইএমডি মূল্যের সমান বা বেশি)
৮. নিলামের সময় দরদাতাদের উচ্চ দর দেওয়ার সুযোগ দেওয়া হবে। ইন্টার-সে বিডিং-এর সময় দরদাতাকে আগের নথিভুক্ত দরের থেকে বেশি মূল্যের দর দিতে হবে। পরবর্তী উচ্চতর দর দেওয়ার জন্য দরদাতাদের **১০ (দশ) মিনিট** সময় দেওয়া হবে। দশ মিনিট পূর্ণ হওয়ার পর যদি কোনও দরদাতার থেকে কোনও উচ্চতর দর পাওয়া না যায় সে ক্ষেত্রে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।
৯. বিক্রির বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্তাবলী, ই-নিলামের কার্যকরী অংশের হেল্প ম্যানুয়াল ভালো করে পড়া এবং কঠোরভাবে সেখানে নির্দেশিত পদ্ধতি পালন করা আগ্রহী দরদাতাদের দায়িত্বের মধ্যে পড়ে। ই-নিলামের আগে অথবা ই-নিলাম চলাকালীন কোনও রকম অসুবিধা হলে সাহায্যের জন্য পরিষেবা দাতার অনুমোদিত প্রতিনিধির সাথে যোগাযোগ করা যেতে পারে (**https://www.baanknet.com**)। বিশদ তথ্য ই-নিলামের পোর্টালে পাওয়া যাবে।
১০. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলামের চূড়ান্ত সিদ্ধান্ত হওয়ার পরে শুধুমাত্র সফল দরদাতাদের এসএমএস বা ই-মেলের মাধ্যমে উপরে দেওয়া পরিষেবাদাতার পক্ষ থেকে ফলাফল জানানো হবে। (দরদাতাদের দেওয়া এবং পরিষেবাদাতার কাছে রেজিস্টার হওয়া মোবাইল নম্বর এবং ই-মেল আইডি-তে)।
১১. সুরক্ষিত সম্পত্তিগুলি সংরক্ষিত মূল্যের কম দামে বিক্রি হবে না।
১২. সফল দরদাতাদের সেই দিন অথবা একটি কাজের দিনের মধ্যে চূড়ান্ত দরের ২৫ শতাংশ, ইএমডি-র জমা দেওয়া টাকা বাদ দিয়ে জমা করতে হবে এবং বাকি মূল্য নিলামের ১৫ দিনের মধ্যে জমা করতে হবে। যদি ব্যাঙ্কারস চেক বা ডিম্যান্ড ড্রাফটের মাধ্যমে উল্লিখিত মূল্য দেওয়া হয় তবে তা **'UCO Bank' payble at KOLKATA ZONAL OFFICE** নামে হতে হবে। যদি উল্লিখিত সময়ের মধ্যে কোনও দরদাতা উক্ত মূল্য জমা দিতে ব্যর্থ হন তবে দরদাতার আগে দেওয়া সমস্ত মূল্য বাজেয়াপ্ত করা হবে এবং অনুমোদিত অফিসার কর্তৃক ওই সম্পত্তির নতুন করে নিলামে বিক্রয়ের ব্যবস্থা হবে। সংশ্লিষ্ট দরদাতার ওই মূল্যের এবং সম্পত্তিটির উপরে কোনও রকম দাবি থাকবে না।
১৩. বিক্রয়ের সমস্ত অর্থ ও নিয়ম সম্পন্ন হওয়ার পর অনুমোদিত আধিকারিক নিয়ম অনুসারে বিক্রয়ের শংসাপত্র দেবেন।
১৪. স্ট্যাম্প ডিউটি এবং বিক্রয় শংসাপত্রের রেজিস্ট্রেশনের বা লেনদেনের খরচ যদি কিছু থাকে তবে তা সফল দরদাতারা বহন করবেন।
১৫. ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক সম্পত্তিগুলি (ই-নিলাম হওয়া) সংক্রান্ত ব্যাঙ্কের অজানা কোনও সরকারি বকেয়া অর্থ বা অন্য দায়ের জন্য দায়ী থাকবেন না। আগ্রহী দরদাতাদের উপদেশ দেওয়া হচ্ছে তারা নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে সম্পত্তির সংবিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বা বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি কিছু রয়েছে কি না জেনে নিন।
১৬. কোনও প্রশাসনিক প্রয়োজন অনুযায়ী ই-নিলামের দিন ও সময় পরিবর্তনের দরকার হলে পরিষেবাদাতা দ্বারা দরদাতাদের দেওয়া এবং পরিষেবাদাতার কাছে রেজিস্টার হওয়া মোবাইল নম্বর এবং ইমেল আইডি-তে এসএমএস বা ই-মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
১৭. অনুমোদিত আধিকারিক কোনও কারণ না দেখিয়ে কোনও দর নেওয়া বা বর্জন করার অথবা নিলাম স্থগিত / পিছানো / বাতিল করবার সম্পূর্ণ অধিকার রয়েছে। এটা উল্লেখ করা দরকার এই বিজ্ঞপ্তির দ্বারা ব্যাঙ্কের পক্ষ থেকে কোনও ভাবে সম্পত্তিটি বিক্রি করবার অঙ্গীকার করা হচ্ছে না।
১৮. সম্পত্তির ব্যাপারে এবং প্রদত্ত তথ্যে তাঁরা খুশি কিনা তা যাচাই করে দেখা দরদাতাদের কর্তব্য। দরদাতার প্রদত্ত তথ্য অনুযায়ী সংশ্লিষ্ট দাপ্তরিকের সাথে আলোচনা করে এ ব্যাপারে নিশ্চিত হয়ে নেওয়া উচিত।
১৯. নিলামের সময়ে ইন্টারনেটের সঠিক কানেকশন, এবং বিদ্যুৎ সংক্রান্ত জরুরি ব্যবস্থা ইত্যাদির ব্যাপারে দরদাতার সুনিশ্চিত হওয়া উচিত। কোনও রকম ইন্টারনেট বা বিদ্যুৎ যোগাযোগ বা প্রযুক্তিগত সমস্যার জন্য ই-নিলামে প্রভাব পড়লে সে ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
২০. সম্পত্তির পরিদর্শনের জন্য আগ্রহী দরদাতারা সংশ্লিষ্ট ইউকো ব্যাঙ্কের শাখায় অফিসের সময়ে ক্রম নং ২৮.১০.২০২৬ তারিখের আগে বা ওই দিন যোগাযোগ করতে পারেন।
২১. **এটি ঋণগ্রহীতা / জামিনদাতা / বন্ধকদাতাদের জন্যও উপরিউক্ত ঋণ ও নির্দিষ্ট দিনে সম্পত্তি বিক্রয় বন্ধ করবার জন্য ১৫ দিনের বিজ্ঞপ্তি হিসাবেও ধরা যেতে পারে।**
২২. সম্পত্তিগুলি **'যেখানে আছে সেখানে, যা কিছু আছে তাই' এবং 'কোনও অবলম্বন ছাড়া'** শর্তে বিক্রি হবে। দরদাতারা নিজস্ব অনুসন্ধানের মাধ্যমে সম্পত্তির সংবিধিবদ্ধ দায়, সম্পত্তি কর বা বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি কিছু রয়েছে কিনা তা নিলামের প্রক্রিয়ায় অংশগ্রহণের আগে জেনে নিন। নিলামের পরে এই জাতীয় কোনও খরচ দিতে ব্যাঙ্ক কর্তৃপক্ষ দায়বদ্ধ থাকবেন না।
২৩. উপরে দেওয়া তথ্যগুলি ব্যাঙ্ক এবং অনুমোদিত অফিসারদের পাওয়া সর্বোৎকৃষ্ট তথ্য। ব্যাঙ্ক বা অনুমোদিত অফিসার এতে কোনও রকম ভুল বা তথ্যগত ত্রুটি বা তথ্যের অনুপস্থিতির জন্য কৈফিয়ত দিতে বাধ্য থাকবেন না।

তারিখ: ২৫.০৯.২০২৬, স্থান: কলকাতা
স্বা/- অনুমোদিত আধিকারিক, ইউকো ব্যাঙ্ক, আঞ্চলিক কার্যালয় কলকাতা